তারিখ ………
পৃষ্ঠা ……… কলাম ………

# রাঃ বিঃ ঘটনা ঃ সরকার রাজনৈতিক ফায়দা হাসিল করতে চাচ্ছে

## –সর্বদলীয় সংগ্রাম পরিষদ

**রাজশাহী অফিস ঃ** মহানগর সর্বদলীয় সংগ্রাম পরিষদ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাসী ঘটনা থেকে রাজনৈতিক ফায়দা হাসিলের লক্ষ্যে সরকারী দলের ঘোলা পানিতে মাছ শিকারের অপচেষ্টার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে। গতকাল (বৃহস্পতিবার) বিকেলে মহানগর জামায়াত অফিসে অনুষ্ঠিত সংগ্রাম পরিষদের এক সভায় এই প্রতিবাদ জানানো হয়। সভায় গত ১৬ ফেব্রুয়ারী বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও গ্রামবাসীদের মধ্যে সংঘর্ষের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে বলা হয়, এ ঘটনা অতীব দুঃখজনক। বিবিসি'র নিউজ ও ১৭ তারিখে দৈনিক পত্রিকাগুলোতে এ ধরনের খবরই পরিবেশন করা হয়। কিন্তু সরকার ও সরকারী দল এ ঘটনা থেকে রাজনৈতিক ফায়দা হাসিলের লক্ষ্যে তাদের সমর্থিত পত্রিকার মাধ্যমে ঘটনার দায়-দায়িত্ব ইসলামী ছাত্র শিবির ও ছাত্র দলের নেতা-কর্মীদের উপর চাপানোর চেষ্টা চালাচ্ছে। সরকার শিবির ও ছাত্র দলের নেতা-কর্মীদের বিরুদ্ধে জননিরাপত্তা আইনে মামলা দায়ের করে চলমান আন্দোলনকে নস্যাৎ করতে চায়। সভায় এ ধরনের চক্রান্তের তীব্র নিন্দা জানিয়ে দায়েরকৃত মিথ্যা মামলা প্রত্যাহার এবং ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের জোর দাবী জানানো হয়।

মহানগর সর্বদলীয় সংগ্রাম পরিষদের আহবায়ক ও রাজশাহী সিটি মেয়র মিজানুর রহমান মিনুর সভাপতিত্বে এতে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, বিএনপির নজরুল হুদা, আলাউদ্দিন আহমেদ, জাতীয় পার্টির এ্যাডঃ আব্দুল হাদী, সেলিম সরদার, জামায়াতে ইসলামীর তাসনীম আলম, হাবিবুর রহমান প্রমুখ।